# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**30 APRIL 2026** **7:45—7:55 PM**

---

১) রাজ্য বিধানসভা নির্বাচনের আগামী সোমবার অনুষ্ঠেয় ভোটগণনার পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসনসমূহের চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েলের আজ কাছাড় জেলা পরিদর্শন করে ভোটগণনার সামগ্রিক প্রস্তুতির পর্যলোচনা ।

২) অপারেশন সিন্দুর , কোন পরিস্থিতিতেই ভারত যে সন্ত্রাসবাদী কার্যকলাপ সহ্য করবে না বিশ্বকে সেই বার্তা দিয়েছে বলে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং-এর মন্তব্য ।

৩) দেশে রান্নার গ্যাস , পেট্রোল এবং ডিজেলের সরবরাহ স্বাভাবিক রয়েছে বলে সরকারের প্রকাশ ।

এবং

৪) Breakthrough Prize in Fundamental Physics পুরস্কার প্রাপ্ত শিলচর গুরুচরণ কলেজের প্রাক্তন ছাত্র ডক্টর অতনু নাথকে গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগ এবং সেন্টার অব এডভান্সাড ষ্টাডিজ এন্ড ইনোভেশন-র যৌথ উদ্যোগে সংবর্ধনা জ্ঞাপন ।

-----------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভা নির্বাচনের ভোটগণনার পরিপ্রক্ষিতে জেলা প্রশাসনসমূহের প্রস্তুতি প্রায় সম্পূর্ণ হয়ে উঠেছে । রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক অনুরাগ গোয়েল আজ কাছাড় জেলা পরিদর্শন করে ভোটগণনার সামগ্রিক প্রস্তুতির পর্যালোচনা করেছেন। তিনি শিলচর রামনগরের স্ট্রংরুম পরিদর্শন করে নিরাপত্তা ব্যবস্থা, গণনা কক্ষের প্রস্তুতি সহ আনুষঙ্গিক বিষয় সমূহের খোঁজখবর নিয়েছেন । তাঁর সঙ্গে কাছাড়ের জেলা আয়ুক্ত তথা

জেলা নির্বাচন আধিকারিক আয়ুষ গর্গ, জেলার সিনিয়র পুলিশ সুপার সঞ্জীব কুমার শইকিয়া প্রমুখ উপস্থিত ছিলেন । তিনি স্ট্রংরুমের নিরাপত্তা ব্যবস্থা, গণনা কক্ষের ব্যবস্থাপনা খতিয়ে দেখার পাশাপাশি প্রাসঙ্গিক বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন । তাঁর এই পরিদর্শনকালে এছাড়া কাছাড়ের জেলা উন্নয়ন আয়ুক্ত রাজীব রায়, নির্বাচন আধিকারিক মাসি তোপ্লো এবং পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

আগামী চৌঠা মে'র ভোটগণনাকে কেন্দ্র করে হাইলাকান্দি জেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে জেলা প্রশাসনের পক্ষ থেকে কঠোর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । এর পরিপ্রেক্ষিতে জেলা আয়ুক্ত অভিষেক জৈন ভারতীয় নাগরিক সংহিতার ১৬৩ ধারার আওতায় কিছু নিষেধাজ্ঞা জারি করেছেন । হাইলাকান্দি জেলার ভোটগণনা হাইলাকান্দির সরকারি ভি এম এইচ এস স্কুল প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে । ভোটগণনার সময় জনজীবনে শান্তি বিঘ্নিত না হওয়ার জন্যে আগামী তেসরা মে বিকেল পাঁচটা থেকে ছয়-ই মে ভোর পাঁচটা পর্যন্ত এসব নিষেধাজ্ঞা বলবৎ থাকবে । এরমধ্যে স্কুলের একশো মিটার ব্যাসার্ধের মধ্যে পাঁচ বা ততোধিক ব্যক্তির জমায়েত, আতসবাজি, পটকা ইত্যাদির ব্যবহার, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ, বিস্ফোরক সহ বিপদজনক অস্ত্র বহন বা প্রদর্শন, দ্বিচকরযানে দুজন নিয়ে চলাফেরা করা, দেওয়াল লিখন, পোস্টার লাগানো, স্লোগান দেওয়া, বিক্ষোভ কর্মসূচির আয়োজন, গাড়িতে লাউড স্পিকার ব্যবহার করা, যেকোনোধরণের উসকানিমূলক বক্তব্য রাখা ইত্যাদি নিষিদ্ধ করা হয়েছে । তবে প্রশাসনের অনুমতি সাপেক্ষে মাইকের ব্যবহার এবং দ্বিচক্রযানে বারো বছরের কম বয়সের শিশু, ম্যাজিস্ট্রেট, পুলিশ, সেনা ও আধাসামরিক বাহিনীর কর্মী, নির্বাচনের দায়িত্বে থাকা সরকারি কর্মীর ক্ষেত্রে এই নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না । এই নির্দেশ অমান্য করলে সংশ্লিষ্ট আইন অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হবে ।

শ্রীভূমি জেলায়-ও ভোটগণনা উপলক্ষে যাবতীয় প্রস্তুতি নেওয়া হচ্ছে ।

---------------------------------------------------------------------------------

এদিকে কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগেও আগামী সোমবার অনুষ্ঠেয় ভোট গণানা কার্য অবাধ , শান্তিপূর্ণ এবং সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য চূড়ান্ত প্রস্তুতি অব্যাহত রয়েছে । ইতিমধ্যেই জেলা প্রশাসন পোষ্টাল ব্যালট গণনা কার্যে যুক্ত কর্মীদের প্রশিক্ষন পর্ব সমাপ্ত করেছে । এছাড়া গতকাল প্রথম পর্যায়ে শিলচর সরকারী উচ্চতর মাধ্যমিক বালক বিদ্যালয়ে প্রথম পর্যায়ে ই ভি এম এবং পোষ্টাল ভোট গণনা কর্মীদের প্রশিক্ষণ

প্রদান করা হয়েছে । দ্বিতীয় তথা চূড়ান্ত পর্যায়ে আগামী শনিবার মাইক্র অবজারভার , কাউন্টিং সুপারভাইজার এবং কাউন্টিং এসিষ্টেন্টদের সর্বশেষ প্রশিক্ষণ প্রদান করা হবে । জেলা প্রশাসনের পক্ষ থেকে এই প্রশিক্ষণ প্রদানের জন্য মোট ২০ জন মাষ্টার ট্রনাকে নিযুক্ত করা হয়েছে ।

---

অপারেশন সিন্দুর , কোন পরিস্থিতিতেই ভারত যে সন্ত্রাসবাদী কার্যকলাপ সহ্য করবে না বিশ্বকে সেই বার্তা দিয়েছে বলে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং প্রকাশ করেছেন । নতুন দিল্লীতে আজ আয়োজিত জাতীয় সুরক্ষা সম্মিলনের দ্বিতীয় পর্বে অংশ নিয়ে ভাষণ দিতে গিয়ে শ্রী সিং বলেন যে ভারত সন্ত্রাসবাদী আক্রমন সংঘটিত হওয়ার পর শুধুমাত্র কূটনৈতিক বিবৃতি জারী করার পুরনো মানসিকতা পরিহার করেছে । তিনি আরো বলেন যে সরকার সন্ত্রাসবাদী এবং এর পৃষ্টপোষকদের মধ্যে ভাদাবেদ না করার নীতি গ্রহণ করেছে ।

( বাইট - রাজনাথ সিং )

শ্রী সিং একই সঙ্গে নতুন বিশ্ব শৃঙ্খলার আবশ্যকীয়তা এবং এর জন্যে বিভিন্ন দিক থেকে অনুকূল শাসন ব্যবস্থা গৃহিত করার পোষকতা করেন । পরিবর্তিত বিশ্ব শৃঙ্খলায় অধিক সতর্কতায় অগ্রসর হওয়ার প্রয়োজনীয়তা রয়েছে বলেও তিনি মন্তব্য করেন । দেশের কৃত্রিম বুদ্ধিমত্তার ভূমিকার ওপর আলোকপাত করে কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী বলেন যে প্রযুক্তি দেশের বাহিনীগুলির অবিচ্ছেদ্য অঙ্গ হয়ে ওঠেছে । তিনি বলেন যে নতুন বিশ্ব শৃঙ্খলায় কৃত্রিম বুদ্ধিমত্তা দেশের কৌশলগত প্রস্তুতির আঙ্গ হয়ে ওঠেছে । প্রসঙ্গত , তিনি বলেন যে সরকার সমগ্র দেশে কম্পিউটারের ব্যবহার স্বাভাবিক করে তোলার জন্য অবিরত কাজ করে চলেছে যাতে ছোট ছোট শহরের যুবক-যুবতীরাও কৃত্রিম বুদ্ধিমত্তার ক্ষেত্রে নিজেদের অবদান রাখতে পারে । তিনি বলেন যে জি পি ইউর সামর্থ্য বৃদ্ধি ভবিষ্যমুখী দক্ষতা কার্যসূচি এবং ডাটা ও কৃত্রিম বুদ্ধিমত্তা পরীক্ষাগার স্থাপনের মত উদ্যমসমূহে প্রযুক্তি বিপ্লবের ক্ষেত্রে নিজেকে অগ্রণী রূপে প্রতিষ্ঠা করার জন্য দেশের প্রতি সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন ঘটায় ।

---

সরকার দেশে রান্নার গ্যাস , পেট্রোল এবং ডিজেলের সরবরাহ স্বাভাবিক রয়েছে বলে প্রকাশ করেছে । নতুন দিল্লীতে অনুষ্ঠিত একটি আন্ত:মন্ত্রনালয় বৈঠকে পেট্রোলিয়াম এবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের যুগ্ম সচিব সুজতা শর্মা এ কথা প্রকাশ করেন । তিনি বলেন যে ঘরোয়া রান্নার গ্যাসের সরবরাহ স্বাভাবিক রয়েছে এবং কোন স্থানেই রান্নার গ্যাসের সংকট নেই । অনলাইন রান্নার গ্যাসের সিলিন্ডার বুকিং প্রায় ৯৮ শতাংশ পর্যন্ত

বৃদ্ধি পেয়েছে বলে উল্লেখ করে তিনি জানান যে ও-টি-পির মাধ্যমে প্রায় ৯৩ শতাংশ সিলিন্ডার গ্রাহকদের প্রদান করা হচ্ছে । প্রায় ৪৩ হাজার গ্রাহক পি এন জির সংযোগ নেওয়ার জন্য রন্ধন গ্যাসের সংযোগ কর্তন করা হয়েছে বলেও তিনি জানান । শ্রীমতী শর্মা সব নাগরিকদের শঙ্কিত হয়ে রান্নার গ্যাসের সিলিন্ডার ক্রয় না করতে এবং সরকারী তথ্যে ওপর বিশ্বাস রাখার আহ্বান জানিয়েছেন ।

( বাইট - সুজাতা শর্মা )

এদিকে সরকার দেশে পর্যাপ্ত পরিমানের সার মজুদ রয়েছে বলেও আশ্বাস প্রদান করেছে । সার বিভাগের অতিরিক্ত সচিব অপর্ণা শর্মা আজকের এই বৈঠকে অংশ নিয়ে বলেন যে সারের ঘরোয়া উৎপাদন সম্প্রতি ৬২ দশমিক ৩-৭ মেট্রিকটন । প্রায় ১৫ লক্ষ মেট্রিকটন সারের আমদানীর মাধ্যমে দেশে প্রায় ৭৮ লক্ষ মেট্রিকটন সার মজুদ রয়েছে বলেও তিনি উল্লেখ করেন ।

---

শিলচর গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের উদ্যোগে এবং সেন্টার অব এডভান্সড স্টাডিজ এন্ড ইনোভেশন ল্যাবের সহযোগিতায় আজ এই বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে 'ব্রেকথ্রু প্রাইজ ইন ফান্ডামেন্টাল ফিজিক্স পুরষ্কার' লাভ করা গুরুচরণ কলেজের প্রাক্তন ছাত্র, লালার বাসিন্দা ডক্টর অতনু নাথকে সংবর্ধনা জানানো হয়েছে । উল্লেখ্য- এই পুরস্কারকে বিজ্ঞানের নোবেল পুরস্কার বলেও অভিহিত করা হয় । সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডক্টর নিরঞ্জন রায় বলেন যে ডক্টর অতনু নাথের এই সাফল্য সমগ্র বরাক উপত্যকাকে গর্বিত করেছে ।

সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে ডক্টর অতনু নাথ জানান------ বাইট

---

বরাক উপত্যকায় হাইকোর্টের বেঞ্চ স্থাপনের দাবী বাস্তবায়ন কমিটির কাছাড় জেলা শাখার উদ্যোগে আজ শিলচরের অরুণ কুমার চন্দ আইন কলেজে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । কলেজ অধ্যক্ষ আবু তাহের তালুকদারের পৌরহিত্যে আয়োজিত এই সভায় আইনজীবি ধর্মানন্দ দেব , শান্তনু নায়েক এবং অবসরপ্রাপ্ত জেলা ও দায়রা জজ বিষ্ণু দেবনাথ প্রমুখ বরাক উপত্যকায় হাইকোর্টের একটি বেঞ্চ স্থাপনের প্রয়োজনীয়তা নিয়ে প্রাসঙ্গিক আলোচনা করেন ।

---

হাইলাকান্দি জেলার প্রাথমিক শিক্ষাক্ষেত্রে শিক্ষার অধিকার আইন-২০০৯ এর ১২/(১) সি ধারা কার্যকর করতে জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিক এক নির্দেশ জারি করেছেন

। এই নির্দেশ অনুযায়ী জেলার সমস্ত অনুদান বিহীন নন-মাইনরিটি ভার্নাকুলার মিডিয়াম স্কুলগুলির প্রধানদের আগামী দোসরা মে'র মধ্যে কয়েকটি রিপোর্ট জমা দিতে বলা হয়েছে । এরমধ্যে নির্ধারিত পোর্টালে বাধ্যতামূলক পঞ্জীয়ন, নিজ নিজ স্কুলের আসন সংখ্যা সংশ্লিষ্ট স্কুলের ওয়েবসাইটে প্রকাশ, এধরণের প্রতিটি স্কুলকে নিজ নিজ এলাকায় শিক্ষার অধিকার সম্পর্কে সচেতনতা অভিযান চালানোর নির্দেশ দেওয়া হয়েছে ।

--------------------------------------------------------------------------------

করিমগঞ্জ নাগরিক সুরক্ষা মঞ্চের পক্ষ থেকে আজ শ্রীভুমি শহরের পেট্রল পাম্প এলাকা থেকে সেটেলমেন্ট রোড পর্যন্ত সড়কের দ্রুত সংস্কারের দাবী জানিয়ে জেলা আয়ুক্তের কাছে একটি স্মারক পত্র প্রদান করা হয়েছে । মঞ্চের পক্ষ থেকে অভিযোগ করে বলে হয়েছে যে- সড়কের বেহাল অবস্থার জন্যে প্রায়শই দুর্ঘটনা সংঘটিত হচ্ছে । এছাড়া জনসাধারণের চলাফেরা করতেও অসুবিধা হচ্ছে  বলে মঞ্চের পক্ষ থেকে অভিযোগ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে আসাম, অরুণাচল প্রদেশ, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, ত্রিপুরা সহ কয়েকটি রাজ্যে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে । এদিকে পশ্চিম হিমালয় অঞ্চল, উত্তর পূর্ব বিহার এবং উত্তর পূর্ব ভারতের বাইরে দেশের বেশিরভাগ স্থানে বিগত কিছুদিন ধরে সর্বোচ্চ তাপমাত্রা ৪০ থেকে ৪৬ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রয়েছে।

--------------------------------------------------------------------------------